



মার্কেটিং ডিপার্টমেন্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে “প্রথম বাংলাদেশ মার্কেটিং ডে ২০১৮ উদযাপন”



১ জুলাই ২০১৮, রোববার সকাল ১০ টায় মার্কেটিং ডিপার্টমেন্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে “প্রথম বাংলাদেশ মার্কেটিং ডে ২০১৮ উদযাপন” উপলক্ষ্যে অনুষ্ঠানের প্রথম সেশনে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্য়ালী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় সেশনে সেমিনার এবং আলোচনা সভা মার্কেটিং ডিপার্টমেন্ট এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে আলোচনা করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। মার্কেটিং ডিপার্টমেন্ট এর চেয়ারম্যান অধ্যাপক ড. হুমায়ন কবীর চৌধুরীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মার্কেটিং ডে ২০১৮ এর কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব Marktate Bangladesh Ltd. এর সিইও ড. শরীফুল ইসলাম দুলু, সদস্য TK Group of Industries এর পরিচালক মোঃ মোফাস্শেল হক, Marcantile Bank Ltd. এর ভাইস- প্রেসিডেন্ট মোঃ ফারুক আহমেদ এবং Borak Real Estate এর পরিচালক মোঃ এনামুল হক। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ জহির উদ্দিন।

উল্লেখ্য এবারের প্রথম বাংলাদেশ মার্কেটিং ডে ২০১৮ এর মূল থীম ছিল “Consumer First”। অনুষ্ঠানের শেষে এই উপলক্ষ্যে কেক কাটা হয়। এসময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ।